

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ১৮ মার্চ, ২০২৪

বঙ্গবন্ধুর দেখানো পথে হাঁটছি আমরা - বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে “বঙ্গবন্ধু ও আগামী প্রজন্ম” শীর্ষক এক আলোচনা সভা ১৮ মার্চ ২০২৪ সোমবার বাউবির বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, জাতির পিতা নিজেই একটি সমৃদ্ধ প্রতিষ্ঠান ছিলেন। কেননা এদেশের রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, পররাষ্ট্রনীতি, সংস্কৃতি সব কিছুতেই তার ছিলো অবাধ বিচরণ। ভঙ্গুর একটি দেশকে নিজের মেধা, জ্ঞান আর অভিজ্ঞতা দিয়ে সাজিয়ে তুলতে সক্ষম হয়েছিলেন। বঙ্গবন্ধুর দেখানো পথে আজ হাঁটছি আমরা। শিশুদের শিক্ষা ব্যবস্থা নিয়ে উপাচার্য বলেন, শিশুদের শিক্ষা, কারিকুলাম ও দৈনন্দিন ব্যবস্থায় অমূল পরিবর্তন দরকার। আনন্দ নিয়ে ও বিনোদনমূলক পরিবেশে যেন তারা প্রকৃত শিক্ষা অর্জন করতে পারে সে দিকে লক্ষ্য রাখতে হবে। বাংলাদেশকে সোনার বাংলা হিসেবে গড়ে তুলতে আগামী প্রজন্মকে বঙ্গবন্ধুর দর্শন ও আদর্শে গড়ে তুলতে হবে বলেও দৃঢ় মত ব্যক্ত করেন ড. হুমায়ুন আখতার।



আলোচনা সভায় বক্তব্য রাখছেন অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। আলোচক হিসেবে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম, সহযোগী অধ্যাপক ড. চাঁদ সুলতানা কাওসার, ওপেন স্কুলের সহকারী অধ্যাপক আনোয়ারুল ইসলাম, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের সহকারী অধ্যাপক মো: শাহীন আলম এবং প্রভাষক সিয়াম হুসাইন গুভ। সভায় সভাপতিত্ব করেন বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক ড. কে. এম. রেজানুর রহমান। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনটির সাধারণ সম্পাদক ড. মো. শহীদুর রহমান। আলোচনা সভায় ধন্যবাদ জ্ঞাপন করে রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম। আলোচনা সভায় বাউবির বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভার সঞ্চালনা করেন সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের সহকারী অধ্যাপক নূর মোহাম্মদ।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)